



স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/ ৬-২৬৩৯ - ৩৫

তারিখঃ ২২/২/১৪৩০ বঙ্গাব্দ  
২৫/৫/২০২৩ খ্রিঃ

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।

**বিষয় :- Mitsubishi UFJ Foundation (Scholarship Program FY 2023) কর্তৃক বৃত্তি প্রদানের জন্য আপনার বিভাগ/ইনস্টিটিউটে স্নাতক (সম্মান) শ্রেণীর ৩য় ও ৪র্থ বর্ষে অধ্যয়নরত যে কোন একজন শিক্ষার্থীকে মনোনীত করে তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mitsubishi UFJ Foundation কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) শ্রেণীর ৩য় ও ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে মেধাবী কিন্তু আর্থিক ভাবে অসচ্ছল ৩০জন শিক্ষার্থীকে প্রতি বছর জন প্রতি ৩৪০ ডলার করে সর্বমোট ১০,২০০ ডলার বৃত্তি প্রদান করে থাকে। আপনার বিভাগ/ইনস্টিটিউটে স্নাতক (সম্মান) শ্রেণীর ৩য় ও ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে মেধাবী কিন্তু আর্থিক ভাবে অসচ্ছল যে কোন ১(এক)জন শিক্ষার্থীকে মনোনীত করে আগামী ২২/০৬/২০২৩ তারিখের মধ্যে মনোনীত শিক্ষার্থীর মনোনয়নপত্র এবং নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখার ডেপুটি রেজিস্ট্রার-এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

- ১। National ID Card/ Birth Certificate-এর সত্যায়িত কপি।
- ২। শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ডের সত্যায়িত কপি।
- ৪। স্নাতক (সম্মান) শ্রেণীর ৩য় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে ২য় বর্ষের নম্বর পত্রের সত্যায়িত কপি।
- ৫। স্নাতক (সম্মান) শ্রেণীর ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে ৩য় বর্ষের নম্বরপত্রের সত্যায়িত কপি।
- ৬। মনোনীত শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, ক্লাস রোল, সিজিপিএ/গ্রেড, মোবাইল নম্বর ও বিভাগীয় ই-মেইল ঠিকানা চিঠিতে অবশ্যই উল্লেখ করতে হবে।

বিদ্র: ২২/০৬/২০২৩ তারিখের মধ্যে মনোনীত শিক্ষার্থীর প্রয়োজনীয় কাগজপত্রসহ রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখায় অবশ্যই পাঠাতে হবে। অন্যথায় বৃত্তির জন্য বিবেচনা করা হবে না।

➤ উক্ত বৃত্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য: ০৯৬৬৬৯১১৪৬৩-৪০৫৯

To  
Dr. Sajib  
please take necessary  
steps  
S. Shafiq  
4/6/23

(সায়মা শারমিন)  
চেয়ারপার্সন  
পরিসংখ্যান বিভাগ  
বিশ্ববিদ্যালয়

(শিউলি আফছার) ২৫/৫/২০২৩

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।